# বিকেবি বুলেটিন

## মার্চ ২০২৪ প্রান্তিক

গবেষণা ও পরিসংখ্যান বিভাগ



বাংলাদেশ কৃষি ব্যাংক

গণমানুষের ব্যাংক

# সম্পাদকীয় বাণী

বাংলাদেশ কৃষি ব্যাংক ১৯৭৩ সালের ২৭নং রাষ্ট্রপতির আদেশ মূলে প্রতিষ্ঠার পর থেকেই দেশের খাদ্য ঘাটতি হ্রাস ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষিঋণ বিতরণে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। দেশের মোট কৃষি ঋণ বিতরণের সিংহভাগই বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক বিতরণ করা হয়। বিগত বছরগুলোতে বাংলাদেশ কৃষি ব্যাংকের কার্যপরিধির বহুমুখী সম্প্রসারণ ঘটেছে। গ্রামীণ তথা কৃষি উৎপাদন বৃদ্ধি, কৃষির সার্বিক উন্নতি এবং এসএমই ও কুটির শিল্পসহ কৃষিভিত্তিক অন্যান্য শিল্পের উন্নয়নে এ ব্যাংকের ব্যাপক ভূমিকা রয়েছে।

ব্যাংকের কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে ১৮টি ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সংক্রান্ত ত্রৈমাসিক বুলেটিন প্রকাশিত হয়। এই বুলেটিনের মাধ্যমে ব্যাংকের সার্বিক পরিস্থিতি সম্পর্কে সংক্ষেপে ধারণা পাওয়া যাবে।

বুলেটিনটি প্রকাশের ব্যাপারে ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, বিশেষ করে চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের আন্তরিকতা এবং উৎসাহের জন্য বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন ছাড়াও ব্যবস্থাপনা কমিটির সম্মানিত সদস্যগণ এবং প্রবন্ধকগণকে জানাচ্ছি আন্তরিক অভিনন্দন।

পরিশেষে, বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে শাখা প্রধানগণ আগামী অর্থ বছরের জন্য পরিকল্পনা প্রণয়নসহ অন্যান্য অর্থবহ বা কার্যক্রমে মুদ্রিত তথ্য ব্যবহৃত হলে বুলেটিনটি প্রণয়ন সার্থক হবে।

প্রধান পৃষ্ঠপোষক ঃ

১। মোঃ নাসিরুজ্জামান
চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

২। মোঃ শওকত আলী খান
ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

সম্পাদকীয় প্যানেল ঃ

১। মোহাম্মদ আহাদ খান
উপমহাব্যবস্থাপক

২। মোঃ এনামুল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক

৩। মোঃ ইয়াহিয়া ভূঁইয়া
ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

৪। মোছাঃ মোহসিনা ফেরদৌসী
ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

বাংলাদেশ কৃষি ব্যাংকের নির্বাহী কমিটির ২৪/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত ১২৭তম সভার সিদ্ধান্ত, "... ব্যবসায়িক খাতের অর্জনসমূহ সংকলনপূর্বক গবেষণা ও পরিসংখ্যান বিভাগ কর্তৃক ... প্রতি ত্রৈমাস অন্তে নিয়মিতভাবে এতদবিষয়ক বুলেটিন মুদ্রণপূর্বক সকল শাখা ও কার্যালয়ে বিতরণ নিশ্চিত করতে হবে" মোতাবেক মার্চ'২০২৪ ভিত্তিক ত্রৈমাসিক বুলেটিন প্রকাশ করা হলো।


ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থবছরের বিভিন্ন ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সংক্রান্ত তথ্য সংকলনপূর্বক মুদ্রণ করা হলো। বুলেটিনটি প্রণয়নে তথ্য সরবরাহ করে সহযোগিতা করায় কেন্দ্রীয় হিসাব বিভাগ, ঋণ আদায় বিভাগ, আন্তজার্তিক বাণিজ্য বিভাগ, ঋণ শ্রেণিবিন্যাস ও প্রজেক্ট মনিটরিং বিভাগ, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ ও ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ এর প্রতি সম্পাদকীয় প্যানেলের পক্ষ হতে কৃতজ্ঞতা প্রকাশ করা হলো।

# ২০২৩-২০২৪ অর্থ বছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১/০৩/২০২৪ ভিত্তিক অর্জন প্রতিবেদন

১) আমানত সংগ্রহ ঃ ব্যাংকের আর্থিক সচ্ছলতা আনয়ন ও মজবুত তহবিল গঠনের প্রধান অবলম্বনই হচ্ছে আমানত। ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমের স্বাভাবিক গতিধারা অব্যাহত রাখা এবং ব্যাংকের আমানতের ভিত্তি সুদৃঢ় করার জন্য আমানতের প্রবৃদ্ধি অর্জন অপরিহার্য। বাংলাদেশ কৃষি ব্যাংকের বিগত কয়েকটি ত্রৈমাসিকের বার্ষিক লক্ষ্যমাত্রা, অর্জন ও বিভিন্ন ত্রৈমাসিকের সাথে অর্জনের তুলনামূলক চিত্র নিম্নে উপস্থাপন করা হলে ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জনের হার | ত্রৈমাস শেষে আমানত স্থিতি |
|---|---|---|---|---|---|
| ৩১/০৩/২২ | ৭০২৫.১০ | ১২৬৯.৬৮ | ৩৭৬০.০৭ | ৫৪% | ৩৬৭৩৪.৯৭ |
| ৩০/০৬/২২ | ৭০২৫.১০ | ১৩১৩.১৪ | ৫০৭৩.২১ | ৭২% | ৩৮০৮৬.১৬ |
| ৩০/০৯/২২ | ১০০০০.০০ | -১৯২.৫৭ | -১৯২.৫৭ | -২% | ৩৭৮৯৩.৫৯ |
| ৩১/১২/২২ | ১০০০০.০০ | -২৭.৬৩ | -২২০.২০ | -২% | ৩৭৮২৭.৯১ |
| ৩১/০৩/২৩ | ১০০০০.০০ | ২৯৯.৩২ | ৭৯.১২ | ১% | ৩৮১২৭.২৩ |
| ৩০/০৬/২৩ | ১০০০০.০০ | ২১১০.৪৯ | ২১৮৯.৬১ | ২২% | ৪০৫৭২.৯৩ |
| ৩০/০৯/২৩ | ১২০০০.০০ | ৮০৯.৪৩ | ৮০৯.৪৩ | ৭% | ৪১৩৮২.৩৬ |
| ৩১/১২/২৩ | ১২০০০.০০ | ১৬৩৩.৩৩ | ২৪৪২.৭৬ | ২০% | ৪২৭৫৫.২৪ |
| ৩১/০৩/২৪ | ১২০০০.০০ | ১০৬.৭৪ | ২৫৪৯.৫০ | ২১% | ৪২৮৮১.৫৫ |





উপরোক্ত তথ্য হতে দেখা যায় ২০২৩-২০২৪ অর্থবছরের আমানত সংগ্রহের বার্ষিক লক্ষ্যমাত্রা ১২০০০.০০ কোটি টাকা এবং মার্চ ২০২৪ ত্রৈমাসে অর্জন ১০৬.৭৪ কোটি টাকাসহ মার্চ ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ২৫৪৯.৫০ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ২১% এবং আমানত স্থিতির লক্ষ্যমাত্রা ৫২৫০০.০০ কোটি টাকার বিপরীতে অর্জন ৪২৮৮১.৫৫ কোটি টাকা যেখানে উচ্চ সুদব্যয়ী আমানতের পরিমাণ ৩০৬৩১.৯৬ কোটি টাকা অর্থাৎ উচ্চ সুদব্যয়ী আমানতের হার ৭১.৪৩%।

২) নতুন আমানত হিসাব খোলা ঃ

( প্রকৃত সংখ্যায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাস | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| ৩১/০৩/২২ | ৫০০০০০ | ১১১১০৩ | ২৬১০১৪ | ৫২% |
| ৩০/০৬/২২ | ৫০০০০০ | ১০১৫০৩ | ৩৬২৫১৭ | ৭৩% |
| ৩০/০৯/২২ | ৫০০০০০ | ৮২৫৬৪ | ৮২৫৬৪ | ১৭% |
| ৩১/১২/২২ | ৫০০০০০ | ১১৩২২২ | ১৯৫৭৮৬ | ৩৯% |
| ৩১/০৩/২৩ | ৫০০০০০ | ১২০৯০৫ | ৩১৬৬৯১ | ৬৩% |
| ৩০/০৬/২৩ | ৫০০০০০ | ১৩১৪২৪ | ৪৪৮১১৫ | ৯০% |
| ৩০/০৯/২৩ | ৯০০০০০ | ১১৫২০৭ | ১১৫২০৭ | ১৩% |
| ৩১/১২/২৩ | ৯০০০০০ | ২৬৬৩৪৬ | ৩৮১৫৫৩ | ৪২% |
| ৩১/০৩/২৪ | ৯০০০০০ | ১৫৬৮৪১ | ৫৩৮৩৯৪ | ৬০% |




উপরোক্ত তথ্য হতে দেখা যায় ২০২৩-২০২৪ অর্থবছরে নতুন আমানত হিসাব খোলার বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাস শেষে অর্জন হয়েছে ৬০% এবং গত অর্থবছরের একই সময়ের তুলনায় ২২১৭০৩ টি আমানত হিসাব বেশি খোলা হয়েছে।

৩) ঋণ বিতরণ ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাস | কৃষি ঋণ | | | সিএসএমই ঋণ | | | কৃষিভিত্তিকশিল্প/প্রকল্পঋণ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন |
| ৩১/০৩/২২ | ১০৩০০.০০ | ২০৮৪.০২ | ৬১০৩.২৯ | ৪০০০.০০ | ১১৮০.২১ | ৩২৩০.৫৩ | ১২৭৫.০০ | ৫১.৪৪ | ২০৫.৯২ |
| ৩০/০৬/২২ | ১০৩০০.০০ | ১৮৮৩.৪৮ | ৭৯৮৬.৭৭ | ৪০০০.০০ | -২৯৩.৭৭ | ২৯৩৬.৭৬ | ১২৭৫.০০ | ১৭০২.২৬ | ১৯০৮.১৮ |
| ৩০/০৯/২২ | ১০৩০০.০০ | ১৪৩৩.২০ | ১৪৩৩.২০ | ৫০০০.০০ | ৬০২.৫৬ | ৬০২.৫৬ | ১২০০.০০ | ১২৬.১৮ | ১২৬.১৮ |
| ৩১/১২/২২ | ১০৩০০.০০ | ২৫৩৭.৩০ | ৩৯৭০.৫০ | ৫০০০.০০ | ১০৫৫.৩৯ | ১৬৫৭.৯৫ | ১২০০.০০ | ১৭৪.২৯ | ৩০০.৪৭ |
| ৩১/০৩/২৩ | ১০৩০০.০০ | ২১২১.৫৯ | ৬০৯২.০৯ | ৫০০০.০০ | ৮১৩.৫৮ | ২৪৭১.৫৩ | ১২০০.০০ | ৬০.৯৮ | ৩৬১.৪৫ |
| ৩০/০৬/২৩ | ১০৩০০.০০ | ২০৯৭.১৯ | ৮১৮৯.২৮ | ৫০০০.০০ | ৯৯৫.৪৯ | ৩৪৬৭.০২ | ১২০০.০০ | ৬০.৫৭ | ৪২২.০২ |
| ৩০/০৯/২৩ | ১১০০০.০০ | ১৭৯২.৬২ | ১৭৯২.৬২ | ৮০০০.০০ | ৮৪৪.১১ | ৮৪৪.১১ | ১২০০.০০ | ৫.৫২ | ৫.৫২ |
| ৩১/১২/২৩ | ১১০০০.০০ | ২৮২৬.৯১ | ৪৬১৯.৫৩ | ৮০০০.০০ | ১৫৬৫.৭৬ | ২৪০৯.৮৭ | ১২০০.০০ | ৪০২.৪৮ | ৪০৮.০০ |
| ৩১/০৩/২৪ | ১১০০০.০০ | ১৮৮৬.৬৩ | ৬৫০৬.১৬ | ৮০০০.০০ | ৯৭৫.৪৬ | ৩৩৮৫.৩৩ | ১২০০.০০ | ১০.২৬ | ৪১৮.২৬ |

উপরোক্ত তথ্য হতে দেখা যায় ২০২৩-২০২৪ অর্থবছরে কৃষি ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাসে অর্জন ১৮৮৬.৬৩ কোটি টাকাসহ মার্চ ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ৬৫০৬.১৬ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে ৫৯% তবে গত অর্থবছর একই সময় হতে ৪১৪.০৭ কোটি টাকা বেশি বিতরণ হয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরে এসএমই ঋন বিতরণ বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাসে অর্জন ৯৭৫.৪৬ কোটি টাকাসহ মার্চ ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ৩৩৮৫.৩৩ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে ৪২% এবং গত অর্থবছর একই সময়ের তুলনায় সিএসএমই ঋণ বিতরণ বেশি হয়েছে ৯১৩.৮০ কোটি টাকা। ২০২৩-২০২৪ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্প বা প্রকল্প ঋণ বিতরণ বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাসে অর্জন ১০.২৬ কোটি টাকাসহ মার্চ ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ৪১৮.২৬ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৫% এবং গত অর্থবছর একই সময় হতে কৃষিভিত্তিক শিল্প বা প্রকল্প ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে ৫৬.৮১ কোটি টাকা। বৈদেশিক বাণিজ্য সর্ম্পকিত (ফান্ডেড) এর ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ২০০০.০০ কোটি টাকার বিপরীতে অর্জন ৬০১.০৬ কোটি টাকা (৩০%)।

৪) নতুন ঋণগ্রহীতা এবং মোট ঋণগ্রহীতার সংখ্যা ও প্রবৃদ্ধি ঃ (প্রকৃত সংখ্যায়)

| | নতুন ঋণগ্রহীতার সংখ্যা | | | মোট ঋণগ্রহীতার সংখ্যা | | মোট ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধি | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রতিবেদনাধীন ত্রৈমাস | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন | বার্ষিক লক্ষ্যমাত্রা | ক্রম পুঞ্জিভূত অর্জন | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন |
| ৩১/০৩/২২ | ৩৮০০০০ | ১৫৩৩৩ | ১৪৩৩১০ | ৩৫২৫০০০ | ৩৪২১৩৬১ | ১২৫৫৪৭ | ১৭০৯৯ | ২১৯০৪ |
| ৩০/০৬/২২ | ৩৮০০০০ | ৫৬৫০১ | ১৯৯৮১১ | ৩৫২৫০০০ | ৩৩৯৪০৩২ | ১২৫৫৪৭ | -২৭৩২৯ | -৫৪২৫ |
| ৩০/০৯/২২ | ৩৮০০০০ | ৩৩১৭২ | ৩৩১৭২ | ৩৫০০৪৭০ | ৩৩৯২৬৭৯ | ১০৬৪৩৮ | -৩২৬৪১ | -৩২৬৪১ |
| ৩১/১২/২২ | ৩৮০০০০ | ৫৫৭১২ | ৮৮৮৮৪ | ৩৫০০৪৭০ | ৩৩৬৪৮৪৮ | ১০৬৪৩৮ | ৩৪৫৭ | -২৯১৮৪ |
| ৩১/০৩/২৩ | ৩৮০০০০ | ৫২৪৪৬ | ১৪১৩৩০ | ৩৫০০৪৭০ | ৩৪১২৯৪৬ | ১০৬৪৩৮ | ৬৫৫৭৯ | ৩৬৩৯৫ |
| ৩০/০৬/২৩ | ৩৮০০০০ | ৪৪৪৯৬ | ১৮৫৮২৬ | ৩৫০০৪৭০ | ৩৩৮৩২১৬ | ১০৬৪৩৮ | -৪৭২১১ | -১০৮১৬ |
| ৩০/০৯/২৩ | ৪০০০০০ | ৪৬৭৩৫ | ৪৬৭৩৫ | ৩৭৮৩২১৬ | ৩৩৬৩৩৫৮ | ৪০০০০০ | -১৯৮৫৮ | -১৯৮৫৮ |
| ৩১/১২/২৩ | ৪০০০০০ | ৭২৬৪৩ | ১১৯৩৭৮ | ৩৭৮৩২১৬ | ৩৩৩৫৫৩৩ | ৪০০০০০ | -৭৯৬৭ | -২৭৮২৫ |
| ৩১/০৩/২৪ | ৪০০০০০ | ৪১২৮৯ | ১৬০৬৬৭ | ৩৭৮৩২১৬ | ৩৩৬৪৭০৮ | ৪০০০০০ | ৫৭০০০ | ২৯১৭৫ |

বর্ণিত তথ্য হতে দেখা যায় ২০২৩-২০২৪ অর্থবছরে নতুন ঋণ গ্রহীতার সংখ্যা গত অর্থবছর একই সময় হতে ১৯৩৩৭ জন বৃদ্ধি হলেও মোট ঋণগ্রহীতার সংখ্যা ৪৮২৩৮ জন হ্রাস পেয়েছে।

৫) ঋণ আদায় ঃ (কোটি টাকায়)

| | মোট ঋণ আদায় | | | শ্রেণিকৃত ঋণ হতে আদায় | | | শ্রেণিকৃত ঋণ ব্যতীত আদায় | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রতিবেদনাধীন ত্রৈমাস | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন |
| ৩১/০৩/২২ | ১০৮১৩.০৭ | ২৪৩৭.১১ | ৭৪৫৯.৩৬ | ১০০০.০০ | ১২৪.৬৫ | ২৯৩.৫৩ | ৯৮১৩.০৭ | ২৩১২.৪৬ | ৭১৬৫.৮৩ |
| ৩০/০৬/২২ | ১০৮১৩.০৭ | ২১৫৭.৯৫ | ৯৬১৭.৩১ | ১০০০.০০ | ৩২৬.৩৭ | ৬১৯.৯০ | ৯৮১৩.০৭ | ১৮৩১.৫৮ | ৮৯৯৭.৪১ |
| ৩০/০৯/২২ | ১৫২১২.৯০ | ১৯৯৯.৮৮ | ১৯৯৯.৮৮ | ১০০০.০০ | ৭৮.৩৬ | ৭৮.৩৬ | ১৪২১২.৯০ | ১৯২১.৫২ | ১৯২১.৫২ |
| ৩১/১২/২২ | ১৫২১২.৯০ | ৪১৬২.০২ | ৬১৬১.৯০ | ১০০০.০০ | ৯৬.৫৮ | ১৭৪.৯৪ | ১৪২১২.৯০ | ৪০৬৫.৪৪ | ৫৯৮৬.৯৬ |
| ৩১/০৩/২৩ | ১৫২১২.৯০ | ২৩৩৫.৯৫ | ৮৪৯৭.৮৫ | ১০০০.০০ | ১৯২.৬৪ | ৩৬৭.৫৮ | ১৪২১২.৯০ | ২১৪৩.৩১ | ৮১৩০.২৭ |
| ৩০/০৬/২৩ | ১৫২১২.৯০ | ৩১৮৭.২১ | ১১৬৮৫.০৬ | ১০০০.০০ | ১৪৩.৮৭ | ৫১১.৪৫ | ১৪২১২.৯০ | ৩০৪৩.৩৪ | ১১১৭৩.৬১ |
| ৩০/০৯/২৩ | ১৫৬৯৯.৪২ | ২২৫৪.০৯ | ২২৫৪.০৯ | ১৬০০.০০ | ৯৫.৭৫ | ৯৫.৭৫ | ১৪০৯৯.৪২ | ২১৫৮.৩৪ | ২১৫৮.৩৪ |
| ৩১/১২/২৩ | ১৫৬৯৯.৪২ | ৪৬৮০.০২ | ৬৯৩৪.১১ | ১৬০০.০০ | ১২৮.৬৬ | ২২৪.৪১ | ১৪০৯৯.৪২ | ৪৫৫১.৩৬ | ৬৭০৯.৭০ |
| ৩১/০৩/২৪ | ১৫৬৯৯.৪২ | ২১৬৪.০৯ | ৯০৯৮.২০ | ১৬০০.০০ | ১৪১.৩৪ | ৩৬৫.৭৫ | ১৪০৯৯.৪২ | ২০২২.৭৫ | ৮৭৩২.৪৫ |

উপরোক্ত তথ্য হতে দেখা যায় ২০২৩-২০২৪ অর্থবছরে মোট ঋণ আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাসে অর্জন ২১৬৪.০৯ কোটি টাকাসহ মার্চ ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ৯০৯৮.২০ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে ৫৮% এবং মোট ঋণ আদায়ে অর্জন গত অর্থবছর একই সময়ের তুলনায় ৬০০.৩৫ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। উক্ত অর্থবছরের জন্য শ্রেণিকৃত ঋণ আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাসে অর্জন ১৪১.৩৪ কোটি টাকাসহ মার্চ ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ৩৬৫.৭৫ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে ২৩% এবং গত অর্থবছর একই সময় হতে ১.৮৩ কোটি টাকা কম। ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য শ্রেণিকৃত ঋণ ব্যতীত আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাসে অর্জন ২০২২.৭৫ কোটি টাকাসহ মার্চ ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ৮৭৩২.৪৫ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে ৬২% এবং শ্রেণিকৃত ঋণ ব্যতীত আদায়ের অর্জন গত অর্থবছর একই সময়ের তুলনায় ৬০২.১৮ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে।


(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাস | অবলোপনকৃত ঋন আদায় | | | ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর | | | পুনঃতফসিলকৃত ঋণ আদায় | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন |
| ৩১/০৩/২২ | ৫০.০০ | ১.২২ | ৫.০৪ | ৪৮০.০০ | ৬১.৫৯ | ২১০.৯০ | ২২০০.০০ | ৩০৮.৭৭ | ৮৩০.৭২ |
| ৩০/০৬/২২ | ৫০.০০ | ০.৮৯ | ৫.৯৩ | ৪৮০.০০ | ৮৯.৮৭ | ৩০০.৭৭ | ২২০০.০০ | ৬১৬.১০ | ১৪৪৬.৮২ |
| ৩০/০৯/২২ | ৫০.০০ | ১.৩৯ | ১.৩৯ | ৭৫৬.৬৫ | ৫৩.৩৭ | ৫৩.৩৭ | ৩৫০০.০০ | ১৯০.৯৭ | ১৯০.৯৭ |
| ৩১/১২/২২ | ৫০.০০ | ১.৩৭ | ২.৭৬ | ৭৫৬.৬৫ | ১০১.১৭ | ১৫৪.৫৪ | ৩৫০০.০০ | ৪৫৩.১৬ | ৬৪৪.১৩ |
| ৩১/০৩/২৩ | ৫০.০০ | ০.৫৯ | ৩.৩৫ | ৭৫৬.৬৫ | ৬৯.৩৯ | ২২৩.৯৩ | ৩৫০০.০০ | ৪৪৫.৯৯ | ১০৯০.১২ |
| ৩০/০৬/২৩ | ৫০.০০ | ০.৬৬ | ৪.০১ | ৭৫৬.৬৫ | ৯৯.০২ | ৩২২.৯৫ | ৩৫০০.০০ | ৫৩৭.৪৯ | ১৬২৭.৬১ |
| ৩০/০৯/২৩ | ৫০.০০ | ০.৬৯ | ০.৬৯ | ৮০০.০০ | ৭৭.৩৫ | ৭৭.৩৫ | ৪০৭২.৪৫ | ৩১৪.৮৭ | ৩১৪.৮৭ |
| ৩১/১২/২৩ | ৫০.০০ | ০.৭০ | ১.৩৯ | ৮০০.০০ | ১৩৩.৫১ | ২১০.৮৬ | ৪০৭২.৪৫ | ৬৩১.৩৩ | ৯৪৬.২০ |
| ৩১/০৩/২৪ | ৫০.০০ | ০.০০ | ১.৩৯ | ৮০০.০০ | ৬৭.৩১ | ২৭৮.১৭ | ৪০৭২.৪৫ | ৩৭৮.০৯ | ১৩২৪.২৯ |

উপরোক্ত তথ্য হতে দেখা যায় ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য অবলোপনকৃত ঋণ আদায়ের বার্ষিক লক্ষমাত্রার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাসে অর্জন ০.০০ কোটি টাকাসহ মার্চ ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ১.৩৯ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে ২.৭৮% এবং অবলোপনকৃত ঋণ আদায়ের অর্জন গত অর্থবছর একই সময় হতে ১.৯৬ কোটি টাকা কম। উক্ত অর্থবছরে ৫২-স্থগিত সুদ হতে আয় খাতে স্থানান্তরের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাসে অর্জন ৬৭.৩১ কোটি টাকাসহ মার্চ ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ২৭৮.১৭ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৪.৭% এবং গত অর্থবছর একই সময় হতে ৫৪.২৪ কোটি টাকা বেশি । ২০২৩-২০২৪ অর্থবছরে পুনঃতফসিলকৃত ঋণ আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাসে অর্জন ৩৭৮.০৯ কোটি টাকাসহ মার্চ ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ১৩২৪.২৯ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে ৩২.৫% এবং পুনঃতফসিলকৃত ঋণ আদায়ের অর্জন গত অর্থবছর একই সময় হতে ২৩৪.১৭ কোটি টাকা বেশি ।

৬) শ্রেণিকৃত ঋণ স্থিতি ও মোট ঋণ স্থিতি ঃ (কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাস | শ্রেণিকৃত ঋণস্থিতির লক্ষ্যমাত্রা | প্রকৃত শ্রেণিকৃত ঋণস্থিতি | অর্জন কম/বেশি | মোট ঋণ স্থিতি |
|---|---|---|---|---|
| ৩১/০৩/২২ | ১৫০০.০০ | ২৫৫৪.৪৯ | -১০৫৪.৪৯ | ২৬৩৫০.৭৪ |
| ৩০/০৬/২২ | ১৫০০.০০ | ২৬২৫.৪৫ | -১১২৫.৪৫ | ২৭৮৯০.৬০ |
| ৩০/০৯/২২ | ১৬০০.০০ | ২৫৪৭.২৯ | -৯৪৭.২৯ | ২৭৬২৭.১৮ |
| ৩১/১২/২২ | ১৬০০.০০ | ২৪৪৩.৪০ | -৮৪৩.৪০ | ২৮৫৯১.৭৫ |
| ৩১/০৩/২৩ | ১৬০০.০০ | ৩০১৬.৭৫ | -১৪১৬.৭৫ | ২৮৮২৭.৪৭ |
| ৩০/০৬/২৩ | ১৬০০.০০ | ২৮৮৩.৪৫ | -১২৮৩.৪৫ | ৩০২২৫.৯৪ |
| ৩০/০৯/২৩ | ১৫৮৮.২২ | ৩০৯২.৫১ | -১৫০৪.২৯ | ৩০৩৪৮.৯২ |
| ৩১/১২/২৩ | ১৫৮৮.২২ | ৩৯৮০.২৯ | -২৩৯২.০৭ | ৩১৪৮৭.২০ |
| ৩১/০৩/২৪ | ১৫৮৮.২২ | ৩৮৩৯.০১ | -২২৫০.৭৯ | ৩১৪৭৭.৯১ |




২০২৩-২০২৪ অর্থবছরে মার্চ ২০২৪ ত্রৈমাস শেষে শ্রেণিকৃত ঋণ স্থিতি লক্ষ্যমাত্রা অনুযায়ী আরও ২২৫০.৭৯ কোটি টাকা হ্রাস করতে হবে। চলতি অর্থবছরে শ্রেণিকৃত ঋণ স্থিতি গত অর্থবছর একই সময়ের তুলনায় ৮২২.২৬ কোটি টাকা বেশি অর্থাৎ শ্রেণিকৃত ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে এবং মার্চ ২০২৪ ত্রৈমাস শেষে শ্রেণিকৃত ঋণের হার ১২.২০%।

৭) বৈদেশিক রেমিট্যান্স (BEFTN ও RTGS ব্যতীত) ঃ (কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাস | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন (বার্ষিক) | ক্রম পুঞ্জিভূত অর্জনের হার |
|---|---|---|---|---|
| ৩১/০৩/২২ | ৪৮০০.০০ | ৭৫৯.১৮ | ২৪৫১.১৭ | ৫১% |
| ৩০/০৬/২২ | ৪৮০০.০০ | ৭৬৮.৪৫ | ৩২১৯.৬২ | ৬৭% |
| ৩০/০৯/২২ | ৫০০০.০০ | ৮৪৬.৫৬ | ৮৪৬.৫৬ | ১৭% |
| ৩১/১২/২২ | ৫০০০.০০ | ১০১০.৬৪ | ১৮৫৭.২০ | ৩৭% |
| ৩১/০৩/২৩ | ৫০০০.০০ | ১৫০৬.৩১ | ৩৩৬৩.৫১ | ৬৭% |
| ৩০/০৬/২৩ | ৫০০০.০০ | ২৫৬০.১৯ | ৫৯২৩.৭০ | ১১৮% |
| ৩০/০৯/২৩ | ৮০০০.০০ | ১৪৮৯.৬৫ | ১৪৮৯.৬৫ | ১৯% |
| ৩১/১২/২৩ | ৮০০০.০০ | ২২০৬.৪৯ | ৩৬৯৬.১৪ | ৪৬% |
| ৩১/০৩/২৪ | ৮০০০.০০ | ২২১২.১৫ | ৫৯০৮.২৯ | ৭৪% |



২০২৩-২০২৪ অর্থবছরে বৈদেশিক রেমিট্যান্স এর বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাসে অর্জন ২২১২.১৫ কোটি টাকাসহ মার্চ ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ৫৯০৮.২৯ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার বিপরীতে ৭৩.৮% এবং গত অর্থবছর একই সময় হতে ২৫৪৪.৭৮ কোটি টাকা বেশি।

৮) আমদানি ব্যবসা ও রপ্তানি ব্যবসা ঃ (কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাস | আমদানি ব্যবসা | | | রপ্তানি ব্যবসা | | |
|---|---|---|---|---|---|---|
| | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন |
| ৩১/০৩/২২ | ২৫০০.০০ | ৮৪০.৯৩ | ১৮৯৫.৫৫ | ১২০০.০০ | ২০৩.৪২ | ৫১১.৪৯ |
| ৩০/০৬/২২ | ২৫০০.০০ | ৬৬৬.৫৮ | ২৫৬২.১৩ | ১২০০.০০ | ২২৩.২২ | ৭৩৪.৭১ |
| ৩০/০৯/২২ | ২৫০০.০০ | ৫১৯.২২ | ৫১৯.২২ | ১৫০০.০০ | ২৩৭.১৮ | ২৩৭.১৮ |
| ৩১/১২/২২ | ২৫০০.০০ | ১৫৩৬.৩৫ | ২০৫৫.৫৭ | ১৫০০.০০ | ২৫২.৮০ | ৪৮৯.৯৮ |
| ৩১/০৩/২৩ | ২৫০০.০০ | ১০৫১.৬০ | ৩১০৭.১৭ | ১৫০০.০০ | ২৪৮.১১ | ৭৩৮.০৯ |
| ৩০/০৬/২৩ | ২৫০০.০০ | ২৪২৮.৪২ | ৫৫৩৫.৫৯ | ১৫০০.০০ | ২৪০.৫০ | ৯৭৮.৫৯ |
| ৩০/০৯/২৩ | ৮০০০.০০ | ১৫৮৮.৮৬ | ১৫৮৮.৮৬ | ২০০০.০০ | ২৫১.৮৬ | ২৫১.৮৬ |
| ৩১/১২/২৩ | ৮০০০.০০ | ৩০৬০.০০ | ৪৬৪৮.৮৬ | ২০০০.০০ | ৩১২.৫৫ | ৫৬৪.৪১ |
| ৩১/০৩/২৪ | ৮০০০.০০ | ২৫৭১.৩৫ | ৭২২০.২১ | ২০০০.০০ | ২৬২.২৫ | ৮২৬.৬৬ |

২০২৩-২০২৪ অর্থবছরে আমদানি ব্যবসার বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাসে ২৫৭১.৩৫ কোটি টাকাসহ মার্চ ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ৭২২০.২৫ (৯০%) কোটি টাকা যা গত অর্থবছর একই সময়ের তুলনায় ৪১১৩.০৪ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে এবং রপ্তানি ব্যবসার বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাসে ২৬২.২৫ কোটি টাকাসহ মার্চ ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ৮২৬.৬৬ (৪১%) কোটি টাকা যা গত অর্থবছর একই সময়ের তুলনায় ৮৮.৫৭ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে।

৯) অন্যান্যঃ

ব্যাংকের অন্যান্য ব্যবসায়িক লক্ষ্যমাত্রার মধ্যে রয়েছে মুনাফা (শাখা পর্যায়ের পরিচালন মুনাফা), ঋণের সুদ আয়, আমানতের সুদ ব্যয় এবং Anciliary Business থেকে আয়। ২০২৩-২০২৪ অর্থবছরে ব্যাংকের এই সকল লক্ষ্যমাত্রা মধ্যে মুনাফা (শাখা পর্যায়ের পরিচালন মুনাফা) মার্চ ২০২৪ ত্রৈমাস শেষে ১২৭৪.৯২ কোটি টাকা হ্রাস পেয়েছে। ব্যাংকের লোকসান হ্রাস করে মুনাফা অর্জনকারী প্রতিষ্ঠানে উন্নীতকরণের লক্ষ্যে সুশৃঙ্খল আর্থিক ব্যবস্থাপনা গড়ে তোলার বিকল্প নেই যার একমাত্র সমাধান ব্যাংকের আয় বৃদ্ধি করা। ব্যাংকের সিংহভাগ আয় আসে ঋণের সুদ আয় হতে। শ্রেণিকৃত / পুনঃতফসিলকৃত ঋণের আধিক্য ও আদায়ে স্থবিরতা, ৫২- স্থগিত সুদ হতে আয় খাতে স্থানান্তরের পরিমাণ কম হওয়া, গুণগত ও মানসম্পন্ন অশ্রেণিকৃত ঋণের পরিমাণ কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নীত না হওয়া, সুদ মওকুফ/ঋণ অবলোপন প্রভৃতি কারণে ব্যাংকের সুদ আয় কাঙ্ক্ষিত পরিমাণে অর্জিত হয়না। এক্ষেত্রে বর্তমান পুনঃতফসিলকৃত ঋণ আদায়সহ ব্যাংকের অন্য সকল খাত হতে আয় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করার মাধ্যমে আয় কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নীত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। ২০২৩-২০২৪ অর্থবছরে ঋণের সুদ আয় এর ক্ষেত্রে মার্চ ২৪ ত্রৈমাস শেষে অর্জন ১৫৪১.০১ কোটি টাকা যা গত বছরের একই সময় হতে ৩০৮.০৮ কোটি টাকা বেশি আয় হয়েছে। আর্থিক ভিত্তি সুদৃঢ়করণের মাধ্যমে ব্যাংককে মুনাফা অর্জনকারী প্রতিষ্ঠানে রূপান্তরের জন্য ব্যয়ের সর্বোচ্চ খাত তথা আমানতের উপর সুদ ব্যয় হ্রাসের উদ্দেশ্যে অধিক সুদবাহি আমানত ক্রমান্বয়ে ছেড়ে দিয়ে সুদবিহীন ও কম সুদবাহি আমানত অধিক পরিমাণ সংগ্রহ করা, আমানত মিশ্রণে (চলতি ২০%, সঞ্চয়ী ও এসএনডি ৫০%, মেয়াদি ২০% এবং অন্যান্য ১০%) গুণগত পরিবর্তন এনে স্থিতিশীল আমানত ভিত্তি গড়ে তোলা, কস্ট অব ফান্ড কাঙ্ক্ষিত পর্যায়ে নামিয়ে আনা এবং নিয়ন্ত্রিত খাতসমূহের ব্যয় বাজেটের মধ্যে সীমাবদ্ধ রাখার মাধ্যমে ব্যাংকের ব্যয় নির্দিষ্ট সীমার মধ্যে রাখার চেষ্টা অব্যাহত রাখতে হবে। ২০২৩-২০২৪ অর্থবছরে আমানতের সুদ ব্যয় এর ক্ষেত্রে মার্চ ২০২৪ ত্রৈমাস শেষে ব্যয়ের পরিমাণ দাড়ায় ১৯১২.১১ কোটি টাকা যা গত বছরের একই সময় হতে ৩৪৬.৪৫ কোটি টাকা বেশি ব্যয় হয়েছে যেখানে উচ্চ সুদবাহি আমানতের পরিমাণ মোট আমানতের ৭১.৪৩% অর্থাৎ ৩০৬৩১.৯৬ কোটি টাকা। ২০২৩-২০২৪ অর্থবছরে Anciliary Business থেকে আয়ের লক্ষ্যমাত্রা ২০০.০০ কোটি টাকার বিপরীতে মার্চ ২০২৪ ত্রৈমাসে শেষে অর্জন ১৮৯.৬৫ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার ৯৪.৮২%।



বাংলাদেশ ব্যাংকের সাথে ২০২৩-২০২৪ অর্থবছরের MoU- এ বাংলাদেশ কৃষি ব্যাংক এর পক্ষে স্বাক্ষর প্রদান করছেন মাননীয় চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ।




মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে সুর্যোদয়ের সময় বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রধান কার্যালয় প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন ও সকল শহীদদের প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি।



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু  দিবস-২০২৪ বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ে উদযাপন।



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতা।



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উপলক্ষ্যে বিকেবি'র কর্মকর্তা/কর্মচারীদের শিশু সন্তানদের বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ে ৭ মার্চের ভাষণ প্রতিযোগিতা।



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ এ বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ে চিত্রাঙ্কন ও ৭ মার্চের ভাষণ প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ অনুষ্ঠান।

# বাংলাদেশ কৃষি ব্যাংক

গণমানুষের ব্যাংক

রাষ্ট্রীয় মালিকানাধীন সর্ববৃহৎ বিশেষায়িত ব্যাংক

## বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রতিশ্রুত সেবাসমূহ -

১। আমানত সংগ্রহ ঃ সঞ্চয়ী, চলতি, এসএনডি, বিভিন্ন মেয়াদি, স্কুল ব্যাংকিং, বিভিন্ন আমানত স্কীম, বিভিন্ন সঞ্চয় প্রকল্প, FID এর আওতায় আমানত , কৃষক আমানত ইত্যাদি আমানত গ্রহণ করা হয় ।

২। রেমিট্যান্স/ অর্থ স্থানান্তর ঃ প্রবাসীদের নিজ দেশে অর্থ প্রেরণ, ফরেন ইনওয়ার্ড রেমিট্যান্স, ফরেন আউটওয়ার্ড রেমিট্যান্স ইত্যাদি ।

৩। ব্যাংক গ্যারান্টি ঃ চাহিদা মোতাবেক বিভিন্ন মানের ব্যাংক গ্যারান্টি ইস্যু করা হয় ।

৪। লকার সুবিধা ঃ কয়েকটি জেলা শহরে লকার ব্যবস্থা রয়েছে ।

৫। বৈদেশিক বিনিময় বাণিজ্য ঃ আমদানি ও রপ্তানীকারকদের এলসি/ ব্যাক টু ব্যাক এলসি খোলা, এডি শাখার মাধ্যমে বৈদেশিক মুদ্রার ক্রয়/বিক্রয়, পাসপোর্ট এন্ডোর্সমেন্ট ।

৬। তথ্য ও প্রযুক্তির আওতায় সেবা ঃ অনলাইন ও অফলাইন ব্যাংকিং, ওয়ান স্টপ সার্ভিস, এটিএম/পস মেশিন সার্ভিস, BACH, EFTN, RTGS, SWIFT, এসএমএস ব্যাংকিং, অনলাইন সিআইবি, অটোমেটেড আইআরএস ।

৭। ঋণ কার্যক্রম ঃ বিভিন্ন মেয়াদি কৃষিঋণ ( শস্য, মৎস্য, প্রাণিসম্পদ, সেচ ও খামার যন্ত্রপাতি, দারিদ্র্য বিমোচন, শস্য গুদাম ও বাজারজাতকরন, কৃষি ঋণের আওতায় চলমান ঋণ-১) অকৃষি ঋণ (এসএমই, গ্রিনব্যাংকিংয়ের আওতায় ঋণ, কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প, রপ্তানি ঋণ, মেয়াদি আমানত ও বিভিন্ন স্কীমের বিপরীতে ঋণ) ।

এছাড়াও সরকারের পক্ষে প্রদত্ত সেবা (পেনশন, ই-চালান, ভাতা, শিক্ষা উপবৃত্তি, ইউটিলিটি বিল, লটারি, ভ্যাট, উৎসে কর ইত্যাদি) প্রদান করা হয়।

গবেষণা ও পরিসংখ্যান বিভাগ কর্তৃক সম্পাদিত